

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়
সালনা, গাজীপুর-১৭০৬

প্রেস বিজ্ঞপ্তি

বশেমুরক্বিতে
প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

বশেমুরক্বি
গাজীপুর-১৭০৬
১৭-০৭-২০১৯ইং

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি) কর্তৃক আউটকাম বেজড কারিকুলাম ডেভলপমেন্ট বিষয়ের উপর দিন ব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা আজ ১৭ জুলাই'২০১৯ বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি সেমিনার কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ গিয়াসউদ্দীন মিয়া প্রধান অতিথি এবং ট্রেজারার প্রফেসর তোফায়েল আহমেদ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন করে ভাইস-চ্যান্সেলর বলেন, প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, সচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সাথে অত্র বিশ্ববিদ্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। বশেমুরক্বি এর শিক্ষা ও গবেষণার মান কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছতে আইকিউএসি'র এ কর্মশালা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে, পাশাপাশি বিশ্ববিদ্যালয়ে কর্মরত সকলকে নিজ নিজ দায়িত্ব ও কর্তব্য সুচারুভাবে পালনের অনুরোধ করেন।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের গ্র্যাজুয়েট ট্রেনিং ইনস্টিটিউটের সিনিয়র অধ্যাপক ড. এম. মোজাহার আলী কর্মশালায় প্রধান প্রশিক্ষকের দায়িত্ব পালন করেন। আইকিউএসি'র পরিচালক প্রফেসর ড. মোঃ আবিয়ার রহমান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। উক্ত প্রশিক্ষণ কর্মশালায় স্বাগত বক্তব্য প্রদান করেন এবং অনুষ্ঠান সঞ্চালনা করেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক ড. এস. এম. রফিকজামান। প্রশিক্ষণ কর্মশালায় বিশ্ববিদ্যালয়ের সকল অনুষদীয় ডীন, সকল বিভাগীয় প্রধানসহ সিনিয়র ফ্যাকাল্টি মেম্বরগণ অংশগ্রহণ করেন।

Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University
Gazipur-1706

Press Release

**Training workshop on Outcome Based Curriculum Development
held at BSMRAU**

BSMRAU, Gazipur
Date: 17-07-2019

A daylong training workshop on “**Outcome Based Curriculum Development**” was held today (17 July’19) at the Bangabandhu Sheikh Mujibur Rahman Agricultural University (BSMRAU), which was organized by Institutional Quality Assurance Cell (IQAC), BSMRAU. Vice-Chancellor of the University Prof. Dr. Md. Giashuddin Miah and Treasurer Prof. Tofayel Ahamed were present as Chief Guest and Special Guest, respectively, in the Inaugural Session. Director (IQAC) Prof. Dr. Md. Abiar Rahman presided over the program while Prof. Dr. M. Mozahar Ali, Graduate Training Institute (GTI), Bangladesh Agricultural University was present as resource person. Dr. S. M. Rafiquzzaman Additional Director (IQAC) gave welcome address at the traing workshop. All Deans, Departmental Heads and senior faculty members of the university participated at the training workshop.